

এখন বাংলাদেশ

তুমি কি ভেবেছ এ মাঘেই শীত যাবে ?
এ সুখস্বপ্ন কখনো হবেনা বাসি ?
এভাবেই তুমি বাংলাদেশকে খাবে,
চিরায়ত হবে তোমার কুটিল হাসি ?

তুমি কি ভেবেছ হাজার বধ্যভূমি
বিক্রীত হবে ছল-চাতুরীর দামে ?
রক্তের দাগ মুছে ফেলে দিয়ে তুমি
ছাড় পেয়ে যাবে শুধু ধর্মের নামে ?

প্রকৃতির কিছু আইন রয়েছে বাকী
অন্ধ বিধান কাউকে ছাড় দেবে না,
কেউ-ই পারেনি সেইখানে দিতে ফাঁকি
সুদে ও আসলে গুনতে হয়েছে দেনা ।

বিবিধ কারণে পার পেয়ে গেছ ঠিকই
নির্বিচারেই বিচার হয়েছে হত,
সময়ের বুকে জ্বলবে তা ধিকি ধিকি
লক্ষ ও কোটি বছর হলেও গত ।

সে বিধান কোন চাতুরীতে ভুলবে না
যত হও তুমি সুদক্ষ অভিনেতা,
লাশের ওজন ধর্মে যায়না কেনা
যতই ধূর্ত হোক ক্রেতা-বিক্রেতা ।

একাত্তরের পতাকা তুলবে তারা
জন্মাবে যারা একাত্তরের পরে,
এভাবেই চলে বয়ে জীবনের ধারা
সমাজ এগোয় একটু একটু করে ।

উৎসর্গঃ- ছড়াসম্রাট লুৎফর রহমান রিটন-কে
০৩ অক্টোবর ৩৭ মুক্তিসন (২০০৭)

হাসান মাহমুদ